ভোরের কাগজ

তারিখ ... 14 NOV 1998 ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৭ ...

# রাজেন্দ্র কলেজে ছাত্রদলের মিছিলে সন্ত্রাসীদের হামলা

**ফরিদপুর প্রতিনিধি** : সরকারি রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজের বায়তুল আমান শাখায় ছাত্রদলের একটি নির্বাচনী মিছিলে গত শনিবার সন্ত্রাসী হামলা হয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানায়, আসন্ন রুকসু নির্বাচনে দলের মনোনীত প্যানেলের সপক্ষে সকালে ছাত্রদলের বের করা এক মিছিলে বহিরাগত সন্ত্রাসী শাহীনের নেতৃত্বে একদল সন্ত্রাসী হামলা চালায়। ধারালো অস্ত্র ও বোমাসহ এ হামলার সময় ছাত্রদলের মিছিলটি ছত্রভঙ্গ হয়ে যায়। পরে পুলিশ উপস্থিত হলে সন্ত্রাসীরা পালিয়ে যায়। ছাত্রদল এ হামলার ব্যাপারে ছাত্রলীগকে দায়ী করেছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত থানায় কোনো মামলা হয়নি।

উল্লেখ্য, উক্ত সন্ত্রাসীদের হাতে ইতিপূর্বে ছাত্রদল নেতা কাজী মুরাদ আহত হন। জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক আরিফুজ্জামান অপুর প্রাণনাশের চেষ্টা চালানো হয় একই ক্যাম্পাসে।

এদিকে, থানা সূত্রে জানা গেছে, গতকালের হামলার পরপরই কোতোয়ালি থানা পুলিশের একটি দল রাজেন্দ্র কলেজের পার্শ্ববর্তী পলিটেকনিকে ইনস্টিটিউট ছাত্রাবাসে অবস্থানরত শাহীনসহ অন্য সন্ত্রাসীদের গ্রেপ্তার করতে গেলে তারা পুলিশের দিকে ফাঁকা গুলি করতে করতে ছাত্রবাসের ছাদ টপকে পালিয়ে যায়। বিশেষ পুলিশি প্রহরায় ছাত্রদল নেতাদের রাজেন্দ্র কলেজ থেকে শহরে পৌছে দেওয়া হয়।